



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা



"শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা"

অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত অক্টোবর/২০২১ মাসের মাসিক
সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সায়েদুল ইসলাম সচিব
সভার তারিখ	৩১ অক্টোবর, ২০২১
সভার সময়	দুপুর ০১.০০ ঘটিকা
স্থান	সম্মিলন কক্ষ, কক্ষ নং-৩২৩, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উপস্থিতি	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় গত সভার কার্যবিবরণী সভায় দৃঢ়ীকরণ করা হয়।
অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু হয়।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থার নিষ্পত্তিযোগ্য ২৩টি অভিযোগ নিষ্পত্তি
প্রসংগে।

মন্ত্রপরিষদ বিভাগের ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ২০২ নং স্মারক সভায় পর্যালোচনা করা হয়। উক্ত পত্র অনুযায়ী
দেখা যায়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে নিষ্পত্তিযোগ্য ২৩টি অভিযোগ পেন্ডিং রয়েছে। জিআরএস সিটেমের মাধ্যমে
প্রাপ্ত অভিযোগগুলোর মধ্যে ১৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এবং অবিশ্বষ্ট ৭টি অভিযোগ পরবর্তী কার্যক্রম গ্রহণের
জন্য দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় উক্ত অনিষ্পত্ত অভিযোগসমূহ জরুরী ভিত্তিতে নিষ্পত্তি করে
প্রতিবেদন প্রেরণ করার জন্য দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ অনিষ্পত্ত ০৭ টি অভিযোগ আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।
বাস্তবায়নঃ মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সচিব


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৯.১৬.০৩৪.২১.৮০৩

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮

০৭ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১) দপ্তর প্রধান (সকল দপ্তর/সংস্থা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) উপসচিব (সকল)/উপপ্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ মাসুদুর রহমান

উপসচিব